গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেলাবো, নরসিংদী
www.belabo.narsingdi.gov.bd

স্মারকনং- ৩১.৩০.৬৮০৭.০০০.১৮.০০১.২৩-

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২
০৫ মার্চ ২০২৬

# জলমহাল ইজারা বিজ্ঞপ্তি ( ম্যানুয়াল পদ্ধতি)

এতদ্দ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠন/সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত (প্রকৃত মৎস্যজীবী যদি থাকে) সংগঠনকে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখার ২৪/০২/২০২৬ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২.২৫-১০৮ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী নরসিংদী জেলার বেলাবো উপজেলার ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত ইজারাযোগ্য অনূর্ধ্ব ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল " সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা-২০০৯" এর আলোকে বাংলা ১৪৩৩-১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তে আবেদন আহবান করা যাচ্ছে ।

জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের নিম্নোক্ত তারিখ অনুযায়ী ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) **জলমহাল ও পুকুর ইজারা ১৪১৫২০২** নং নতুন অর্থনৈতিক কোডে চালানের মাধ্যমে জমা প্রদানপূর্বক ধার্য তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ করতে হবে। ক্রয়কৃত আবেদনপত্র ধার্যকৃত তারিখ দুপুর ১.০০টার মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত বাক্সে জমা প্রদান করতে হবে।

| পর্যায় | আবেদন ফরম বিক্রির তারিখ ও সময় | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আবেদন জমাদানের তারিখ ও সময় | আবেদন বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ১৫-০৩-২০২৬ হতে ৩১-০৩-২০২৬ পর্যন্ত ( অফিস চলাকালীন সময়ে) | ০৫-০৪-২০২৬ তারিখ সকাল ৯.৩০টা হতে দুপুর ১.০০ টা | ০৫-০৪-২০২৬ তারিখ বিকাল ৩.০০ টা | প্রথম পর্যায়ে দাখিলকৃত দর নীতিমালা মতে গ্রহণযোগ্য না হলে ২য় পর্যায় প্রযোজ্য হবে। |
| ২য় পর্যায় | ০৬-০৪-২৬ হতে ০৮-০৪-২৬ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) | ০৯-০৪-২০২৬ তারিখ সকাল ৯.৩০টা হতে দুপুর ১.০০টা | ০৯-০৪-২০২৬ তারিখ বিকাল ৩.০০টা | |

## জলমহালের বিবরণ

| ক্রমিক নং | জলমহাল/ পুকুরের নাম | তফসিল | | সরকারি মুল্য ( প্রতি বছর ) | ইজারার মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | দাগ (আর. এস) | পরিমাণ (একর) | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | ডাংগিল বিল (আমলাব) | ৩৭৪২ | ০.৬৩ | ২,৩৭৪ /- | বাংলা ১৪৩৩ হতে ১৪৩৫ সন পর্যন্ত | |
| ২ | কাচি মিঠার বিল (আমলাব) | ১৪৯০ | ২.৬১ | ৯৩০৩/- | " | |
| ৩ | ইব্রাহিমপুর বড় বিল ( সল্লাবাদ ) | ২১৯৩ | ১১.৪১ | ২৬,১০৫/- | " | |
| ৪ | কুড়ের পাড়ের বিল ( নারায়নপুর ) | ৮৪৩ | ৯.৫৫ | ২৪,০২২/- | " | |
| ৫ | খাইল্যাকান্দি বিল (সরলাবাদ) | ৬১২০ | ৭.৬৩ | ১৫,৭৮৮/- | " | |
| ৬ | চন্দনপুর পুকুর ( বাজনাব ) | ৪১৬ | ০.৭০ | ২,৭০২/- | " | |
| ৭ | চর কাশিমনগর জোড় বিল (বিন্নাবাইদ) | ৮৯৩ | ৭.০২ | ১৭,৩৬৫/- | " | |
| ৮ | ছায়ন জোড় বিল (বিন্নাবাইদ) | ৯৮১/১৫০৩/৮২৭/৯৬০/৯৫৬/১৫০১ | ৪.৪২ | ৯,২৩৯/- | " | |
| ৯ | মারকি বিল (জোঃ লক্ষিপুর ) | ৬১৫৯ | ১.৪৬ | ৪,৮১৯/- | " | |
| ১০ | কায়কাটার বিল (জোয়ার গোবিন্দপুর ) | ১২২৬১/১২৫৫৭,১২৫৫৯/১৫৫৬১ | ১১.৪৯ | ১৮,৫৭৮/- | " | |
| ১১ | আটাইয়া বিল (ইব্রাহিমপুর) | ৪৩৮, ৪৩৯ | ১৭.০১ | ৭,৫০২/- | " | |
| ১২ | ইছারটেক পুকুর ( আমলাব ) | ৪৩৫৪ | ০.৩৮ | ৭৫২১/- | " | |
| ১৩ | আমিন পুকুর ধুকুন্দি (আমলাব) | ১১২৪, ২৫৭৭ | ০.৮৭ | ১৯৬৩৫/- | " | |

:-নির্দেশিকা ও শর্তাবলী:-

ইজারা নির্দেশিকা ও শর্তাবলি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বেলাবো, নরসিংদী ও সহকারী কমিশনার (ভূমি), বেলাবো, নরসিংদী- এর কার্যালয় এবং উপজেলার ওয়েবপোর্টালের নোটিশ বোর্ডে পাওয়া যাবে। ওয়েব পোর্টালের ঠিকানা:
www.belabo.narsingdi.gov.bd এবং acl.belabo.narsingdi.gov.bd

০৫/০৩/২৬
উম্মে হাফছা নাদিয়া
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বেলাবো, নরসিংদী

## শর্তসমূহ

১। সমবায়/ সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সমিতি হতে হবে।
২। নিবন্ধন ব্যতিত কোন সমিতি / ব্যক্তি আবেদন করার যোগ্য হবেন না।
৩। জলমহালের তীরবর্তী বা নিকটবর্তী সমবায় সমিতি অগ্রাধিকার পাবে।
৪। আবেদনকারী সমবায় সমিতি যে বর্তমানে কার্যকর আছে এ বিষয়ে জেলা/ উপজেলা সমবায়/ সমাজসেবা কর্মকর্তার প্রত্যয়নপত্র ও বিগত দুই বছরের অডিট রির্পোট দাখিল করতে হবে।
৫। সমিতির ঠিকানা ও সকল সদস্যদের নামের তালিকা ও ঠিকানা নির্ধারিত ফরমে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
৬। আবেদনের সাথে সমিতির গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়ণপত্র জমা দিতে হবে।
৭। আবেদনকারী সমিতি যাচাইকালে কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বে ইজারা মূল্য খেলাপী থাকলে বা কোন আদালতে মামলা থাকলে জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।
৮। জলমহালের ইজারা মূল্যের ২০% টাকা ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে এবং ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর চালানের মাধ্যমে জমা দিতে হবে।
৯। কোন অবস্থাতেই জলমহাল সাব-লীজ প্রদান করা যাবে না। সাব-লীজ প্রদান করা হলে লীজ বাতিল করা হবে এবং লীজমানি সরকারের অনুকুলে বাজেয়াপ্ত করা হবে।
১০। কোন সমিতি ০২ (দুই) টির অধিক জলমহাল ইজারা নিতে পারবে না।
১১। জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ (সর্বশেষ সংশোধনীসহ) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালিত হবে।

০৫/০৩/২৬

উম্মে হাফছা নাদিয়া
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বেলাবো, নরসিংদী

স্মারকনং- ৩১.৩০.৬৮০৭.০০০.১৮.০০১.২৩- ১৭৭

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২ / ০৫ মার্চ ২০২৬

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। জেলা প্রশাসক, নরসিংদী
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নরসিংদী
৪। উপজেলা..........................................................................................অফিসার, বেলাবো, নরসিংদী
৪। চেয়ারম্যান,................................................................. ইউনিয়ন পরিষদ, বেলাবো, নরসিংদী
৫। ........................................................................................সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বেলাবো, নরসিংদী
৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.................................... ইউনিয়ন ভূমি অফিস, বেলাবো, নরসিংদী। (ইজারা বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট ইউনিয়নের আওতাভুক্ত বাজারসমূহে ঢোল-শহরতের মাধ্যমে ব্যাপক প্রচার, জলমহালের তালিকা স্ব-স্ব ইউনিয়ন ভূমি অফিসের নোটিশবোর্ড অথবা দেয়ালে লাগানোসহ সর্বস্তরের জনগণকে অবহিত করার মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
৭। সভাপতি, প্রেসক্লাব, বেলাবো, নরসিংদী
৮। অফিস কপি

০৫/০৩/২০২৬

আজিজ সারতাজ জায়েদ
সহকারী কমিশনার (ভূমি)
বেলাবো, নরসিংদী